প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের ২৪.০৬.২০১৮ খ্রি: অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ-

অদ্য ২৪/০৬/২০১৮ খ্রি: রোজ রবিবার প্রাণিসম্পদ অধিদপ্তরের ইপিডেমিওলজি শাখায় ইনোভেশন টিমের মাসিক সভা ইনোভেশন অফিসার ডা: বশীর আহমেদ সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকল কর্মকর্তার নামের তালিকা পরিশিষ্ট-১ তে সংযুক্ত করা হ'ল।

সভাপতিঃ ডাঃ বশীর আহমেদ

সভার স্থানঃ ইপিডেমিওলজী শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।

তারিখঃ ২৪.০৬.১৮

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

আলোচ্যসূচী

১। এস.আই.পি ডাটাবেজ তৈরী বিষয়ে আলোচনা ও রিপোর্ট প্রদান
২। ই-ভেট-সার্ভিস বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা
৩। ইউনিয়ন পর্যায়ে সেবাকেন্দ্র স্থাপন বিষয়ে আলোচনা
৪। ডিজিটাল মনিটর স্থাপনের অগ্রগতি বিষয়ে আলোচনা
৫। সার্ভার কক্ষ আপডেট বিষয়ে আলোচনা
৬। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে আলোচনা
৭। বিবিধ।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সকলকে আজকের সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা এবং মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

আলোচ্যসূচী

১। প্রাণিসম্পদ অধিদপ্তরের কার্যাবলিকে আরও গতিশীল ও জনবান্ধব করার লক্ষ্যে সারা দেশব্যাপী SIP(Small Improvement Project) কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। আগাম ২০১৮-১৯ সালে বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রতি উপজেলায় বরাদ্দ প্রদান করা হবে। ইতিমধ্যে ঢাকা, খুলনা ও রংপুর বিভাগের SIP এর তালিকা পাওয়া গেছে। আশা করা যায় যে, অন্যান্য বিভাগের তালিকা শীগ্রই পাওয়া যাবে। প্রাথমিক ভাবে SIP এর বাজেটের পরিমান ১০০০০-২৫০০০ টাকার মধ্যে সীমাবদ্ধ রাখা যেতে পারে। এ বিষয়ে একটি ডাটাবেজ তৈরী করা হয়েছে। ডাঃ মোঃ মোখলেছুর রহমান, ভিএস, জেলা প্রাণি হাসপাতাল

হিসাবে দায়িত্ব পালন করার জন্য নির্বাচন করা হয়। উপজেলা ইউজার আইডি/ডাটা সোর্স এর কাজ ডাঃ মোখলেছ সম্পাদন করবেন। এব্যাপারে অর্থ্যনের জন্য বাজেট তৈরীর দায়িত্ব ডাঃমোখলেছকে প্রদান করা হয়। মাঠ পর্যায় থেকে ডাটা ইনপুট করা যাবে এবং এডমিন ন্যাশনাল ডাটা সেন্টারে ডাটা গ্রহণ বা বাদ দিতে পারবে। SIP Database open করার জন্য www.dls.gov.bd এর database open করতে হবে।

২। ২০১১৭-২০১৮ অর্থ বৎসরের E- vet. Service এর নির্ধারিত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হয়েছে। দরপত্র দাতার সকল বিল পরিশোধ করা হয়েছে যার পরিমান ৪,৮৯৮,৭৬২/(আটচল্লিশ লাখ আটানব্বই হাজার সাতশত বাষট্টি টাকা মাত্র)। E –Vet Service National data centre এ Hosting সম্পন্ন হয়েছে। Reve system আমাদের সাথে user ID/Password share করেছে। সভায় ডোমেইন নেইম এর প্রস্তাব করা হয়েছে। আলোচনায় সর্বসম্মতিক্রমে E-vet.gov.bd Domain name হিসাবে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে । বাকী অন্যন্য কাজ ২০১৮-২০১৯ অর্থ বৎসরে সম্পন্ন করার জন্য দরপত্র দাতার সঙ্গে চুক্তি রয়েছে। অধিদপ্তরের উর্ধতন কর্তৃপক্ষের উপস্থিতিতে ২০১৭-১৮ অর্থবৎসরের কাজের উপরে একট কর্মশালা আয়োজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মশালার দিক নির্দেশনা

E-vet জন্মকথা- ড.আলী আহসান -০৩ মিনিট।

Reve system-০৫ মিনিট

Demo presentation- ডা. মোখলেছ ০৫ মিনিট

E-vet service এর input একটি কমিটির মাধ্যমে সংযোজন করা হবে। ইনোভেশন অফিসার এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। জনগণের দোরগোড়ায় প্রাণিস্বাস্থ্যসেবা পৌছানোর লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্যসেবা কেন্দ্র চালুর কার্যক্রম চালু রয়েছে। এ পর্যন্ত মোট ৩৯টি ইউনিয়নে এ কার্যক্রম চালু করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বৎসরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে নুতন ইউনিয়ন নির্বাচন করা হবে এবং ইউনিয়ন প্রাণি স্বাস্থসেবা চালুর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম হাতে নেওয়া হবে।

৪। প্রাণিসম্পদ অধিদপ্তরের SIPএর আওতায় Acrylic Board, ID Card, Portable digital display, Room number and monitoring digital board, laptop সরবরাহ পাওয়া যাবে বলে ডঃ মস্তানুর সভাকে জানান। এ ব্যাপারে ৮৬৫,৩৯৫/- ব্যয় হবে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবস্থা শক্তিশালী করার জন্য লোকাল এরিয়া নেটওয়ার্ক শক্তিশালী করণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। এখাতে খরচ হয়েছে ২৪৪,০০০/। ২০১৮-১৯ অর্থবৎসরে নেটওয়ার্ক ব্যবস্থাপনার জন্য মোঃ শামীম হোসেনকে দায়িত্ব প্রদান কয়রা হয়।

৫। প্রাণিসম্পদ অধিদপ্তরের SMS service চলমান রাখার জন্য software maintenance & update খাতে বরাদ্দ রাখা প্রয়োজন । এ জন্য App তে বছর ভিত্তিক ব্যয় অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এব্যাপারে মোঃ সোহরাব হোসেনকে প্রাক্কলন তৈরী করার জন্য বলা হয় এবং SMS service কে চলমান রাখার দায়িত্ব প্রদান করা হয়।

৬। ২০১৮-১৯ অর্থ-বৎসরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে। SIP, Innovation / Replication, SPS, Training, Workshop, Report writing বিষয়ে মুলতঃ বরাদ্দ প্রদান করা হবে। প্রায় ৩০,০০০,০০০/ (তিন কোটি)টাকা বাজেট প্রয়োজন হবে।

সকল খাতে যথাসময়ে কাজ শুরু করা ও বিল পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/৬/১৮

(ডা: বশীর আহমেদ)
উপ-পরিচালক ও প্রধান, ইপিডেমিওলজি ইউনিট
এবং
ইনোভেশন অফিসার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-প্রাসঅ ৩৩.০১.০০০০.৭৭৭.১৮.০০৯.১৫.২৫৪ তাং-২৪.০৬.১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো-
১। ড. মোঃ আবু সুফিয়ান,সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
২। ড. সৈয়দ আলী আহসান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৩। ডাঃ মোঃ রফিকুল ইসলাম,ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৪। মোঃ শামীম হোসেন, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৫। ড. এবিএম মুস্তানুর রহমান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৬। ডা. শাকিফ-উল আজম, ইউএলও(এল/আর) ও সদস্য ইনোভেশন টীম ,সংযুক্তি-সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), ডিএলএসঢাকা। ,
৭। মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সার্ভার শাখা ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৮। মোঃ মোখলেছুর রহমান, ভেটেরিনারি সার্জন, জেলা প্রাণী হাসপাতাল, গাজীপুর ও সদস্য, ইনোভেশন টিম।
৯। জনাব নাহিদ আলম,ইনোভেশন ফান্ড এক্সপার্ট,এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়

সদয় জ্ঞাতার্থে অনুলিপি-
১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
২। জনাব মোঃ তৌফিকুল আরিফ, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।